

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়
ঝালকাঠি

পলাতক আসামী হাজির হওয়ার বিজ্ঞপ্তি নং- ৩৬/২৬

যেহেতু নিম্ন তফসিলে উল্লিখিত আসামী/আসামীগণের বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারী রহিয়াছে এবং
যেহেতু ফৌজদারী কার্যবিধি ১৮৯৮ এর ৮৭, ৮৮ ধারার বিধান মোতাবেক আসামী/আসামীগণের বিরুদ্ধে
কার্যক্রম গ্রহণ করা হইয়াছে।

যেহেতু অত্রাদালতের বিশ্বাস করিবার কারণ রহিয়াছে যে, অত্র মামলা বিচারার্থে উক্ত
আসামী/আসামীগণ গ্রেফতার এড়াইবার জন্য পলাতক রহিয়াছে বা আত্মগোপন করিয়াছে।

যেহেতু উক্ত আসামী/আসামীগণকে শীঘ্রই গ্রেফতার করিবার সম্ভাবনা নাই। এক্ষণে সেহেতু উক্ত
কার্যবিধির ৩৩৯ বি (১) ধারার প্রদত্ত ক্ষমতা বলে উক্ত আসামীদের নিম্ন তফসিলে তাহার নামের পার্শ্বে বর্ণিত
মামলা বিচারের জন্য অত্র বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ (পনের) দিনের মধ্যে আদালতে হাজির হইবার নির্দেশ দেওয়া
যাইতেছে। অন্যথায় তাহার/তাহাদের অনুপস্থিতি বিচার কার্য সম্পন্ন হইবে।

তফসিল

ক্রঃ নং	আসামীর নাম ও ঠিকানা	মামলার নম্বর ও ধারা
১	কাজী মোঃ শিপন, পিতা- মৃত: মানিক কাজী, সাং- কাজী বাড়ি উত্তর জয়সী, হোল্ডিং নং- H/২১৩, সাং- ওয়ার্ড নং-০৬ ইউনিয়ন- বাসন্ডা, থানা ও জেলা- ঝালকাঠি	সি.আর. ৯২/২৪ (ঝালকাঠি) ধারা- এন.আই.এক্টের ১৩৮
২	মোঃ মারুফ, পিতা- আঃ ছালাম, সাং- হযবাতপুর, উপজেলা- নলছিটি, জেলা- ঝালকাঠি, বর্তমান ঠিকানা- নতুন কলাবাগান, ওয়ার্ড - ০৯, হোল্ডিং নং- ১৯১/১, উপজেলা- ঝালকাঠি সদর, জেলা- ঝালকাঠি।	সি.আর. ৩৫৩/২৪ (নলছিটি) ধারা- যৌতুক নিরোধ আইনের ৩
৩	বেলায়েত হোসেন, পিতা- মৃত: আঃ কুদ্দুস হাওলাদার, সাং- কেওতা, থানা- রাজাপুর, জেলা- ঝালকাঠি।	সি.আর. ৬৭/২৪ (রাজাপুর) ধারা- ৪৪৭/৩২৩/৫০৬ দণ্ডবিধি
৪	মোঃ আলী হোসেন, পিতা- ইউসুফ আলী, সাং- পশ্চিম গোপালপুর, আক্কেল খার বাড়ি তিন ব্রিজ, ডাকঘর- নলবুনিয়া, উপজেলা- নলছিটি, জেলা- ঝালকাঠি।	সি.আর. ৩৪৪/২৪ (নলছিটি) ধারা- এন. আই.এক্টের ১৩৮

স্বাক্ষরিত

(এইচ, এম, কবির হোসেন)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
ঝালকাঠি।